| | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>প্রধান কার্যালয়<br>৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা<br>ঢাকা-১০০০ ।<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ | ফোনঃ৯৫৫০৫০৫<br>পিএবিএক্সঃ৯৫৬০০২১- ২৫<br>৯৫৬০০৩১- ৩৫/২২৯<br>email:dgmicd@krishibank.org.bd |
|---|---|---|


প্রকাঃঅনিবি-৪৪/২০১৮-২০১৯/২৬৮(১৪) তারিখঃ ২৩-০৯-২০১৮

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও পরিপালনের ১১-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম সভার কার্যবিবরনীর সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৭-০৯-২০১৮ তারিখের ২৪৯ নং পত্রের মাধ্যমে প্রেরিত আইসিসির ৩০ তম মাসিক সভার কার্যবিবরণীর প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪ তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত চেকলিষ্ট অনুযায়ী শাখা ব্যবস্থাপক নিজেই নিজের শাখা পরিদর্শন করে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন। এর প্রেক্ষিতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ ১০/০৪/২০১৮ তারিখে এবং ১০/০৬/২০১৮ তারিখে শাখা সমূহকে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়ার জন্য সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক ব্যবস্থাপক কে পত্র প্রেরণ করা হয়। যেহেতু সিদ্ধান্ত ছিল " উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ নির্দেশনা না মানা অসদাচরণের সামিল। বিষয়টি গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গুরুত্ব সহকারে না নেয়ার বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক কে অবহিত করতে হবে এবং তাদের সকলের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিকন্তু সকলের নিকট হতে জবাব সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ৩০ তম মাসিক সভায় বর্ণিত অবস্থার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

"চ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ১১/০৭/২০১৮ তারিখের পত্র নং ৫৪, ১৫/০৭/২০১৮ তারিখের পত্র নং ৬১ এবং ০২/০৮/২০১৮ তারিখের পত্র নং ১১৫ মাধ্যমে মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকদের সিদ্ধান্ত জানিয়ে পত্র প্রেরণের ফলে জুন/২০১৮ মাসের ৩৯ টি অঞ্চল এবং জুলাই/২০১৮ মাসের ২৭ টি অঞ্চলের প্রতিবেদন পাওয়া যায়। জুন/২০১৮ মাসের বাকী ১৪ টি অঞ্চলের এবং জুলাই/২০১৮ মাসে বাকী ২৬টি অঞ্চলের প্রতিবেদন না পাওয়ায় মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর ০৯/০৯/২০১৮ তারিখের ২১২,২১৩ ও ২১৪ নং তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে।এ বিষয়ে প্রত্যেক বিভাগীয় মহাব্যবস্থাপকদের পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।"

০২। এমতাবস্থায়, ১১-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী শাখা পরিদর্শন প্রতিবেদন মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপকদের মাধ্যমে শাখা ব্যবস্থাপক কর্তৃক সঠিক ভাবে প্রতিবেদন পুরন করে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে যথা সময়ে প্রেরণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদন ক্রমে-

আপনার বিশ্বস্ত

২৫/৯/২০১৮

(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। ষ্টাফ অফিসার, মহা-ব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রন মহাবিভাগ, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, সকল মহা-ব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
৩। উপ-মহাব্যবস্থাপক,প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। উপ-মহাব্যবস্থাপক ,আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৫। নথি/মহানথি।